

# বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১

( ২০২১ সনের ২৬ নং আইন )

বাংলাদেশের পর্যটন শিল্প বিকাশে ট্যুর অপারেটর ও ট্যুর গাইড এর কার্যক্রম পরিচালনা, পর্যটকদের স্বার্থ সংরক্ষণ এবং এতৎসংক্রান্ত আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়নকল্পে প্রণীত  
আইন

যেহেতু বাংলাদেশের পর্যটন শিল্প বিকাশে ট্যুর অপারেটর ও ট্যুর গাইড এর কার্যক্রম পরিচালনা, পর্যটকদের স্বার্থ সংরক্ষণ এবং এতৎসংক্রান্ত আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন

১। (১) এই আইন বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।  
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-  
(১) 'আবাসন' অর্থ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ (২০১৪ সনের ১৫ নং আইন) এর অধীন সংজ্ঞায়িত হোটেল;  
(২) 'কোম্পানি' অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২ (ঘ) তে সংজ্ঞায়িত কোম্পানি;  
(৩) 'ট্যুর অপারেটর' অর্থ ধারা ৭ এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহা পর্যটকদের জন্য এক বা একাধিক ভ্রমণসেবা সংশ্লিষ্ট আবাসন, আহার বা আপ্যায়ন, পরিবহণ, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ অন্যান্য পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া দলভিত্তিক বা একক ট্যুর আয়োজন ও পরিচালনা করে অনলাইন ট্যুর পরিচালনাকারীরাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

১৪/০জ্ঞানসংক্ষেপ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (স্ট্রিবন্স গাইডিং লিমিটেড) আইন ১০২<sup>১</sup> এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি যিনি পর্যটকদের জন্য ভ্রমণসেবা, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ আনুষঙ্গিক অন্যান্য পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া দলভিত্তিক বা একক ট্যুর পরিচালনার গাইড হিসাবে দায়িত্ব পালন করেন;

(৫) ‘নিবন্ধন কর্তৃপক্ষ’ অর্থ ধারা ৩ এর অধীন নির্ধারিত কর্তৃপক্ষ;

(৬) ‘নিবন্ধন সনদ’ অর্থ ধারা ৭ এর উপ-ধারা (১) এর অধীন প্রদানকৃত নিবন্ধন সনদ;

(৭) ‘নির্ধারিত’ অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(৮) ‘পরিবহণ’ অর্থ নৌপথ, স্থলপথ এবং আকাশপথে পরিবহণ;

(৯) ‘পর্যটক’ অর্থ এমন ব্যক্তি, যিনি তাহার স্বাভাবিক বসবাসের স্থান হইতে অন্য কোনো স্থানে অবকাশযাপন, বিনোদন, ব্যবসায়িক প্রয়োজন বা অন্য কোনো কারণে ভ্রমণ করিয়া অনধিক এক বৎসর অবস্থান করেন;

(১০) ‘বিধি’ অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি; এবং

(১১) ‘ব্যক্তি’ অর্থে যে কোনো ব্যক্তি এবং কোনো প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থাও উহার অন্তর্ভুক্ত হইবে।

## নিবন্ধন কর্তৃপক্ষ

৩। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধন কর্তৃপক্ষ নির্ধারণ করিতে পারিবে।

## নিবন্ধন সনদ ব্যতীত ট্যুর অপারেটর ও ট্যুর গাইড পরিচালনার উপর নিষেধাজ্ঞা

৪। (১) ধারা ৭ এর বিধান অনুসারে নিবন্ধন সনদ ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পর্যটকদের জন্য ভ্রমণসেবা সংশ্লিষ্ট আবাসন, আহার বা আপ্যায়ন, পরিবহণ, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন, পরিভ্রমণ ও অনুরূপ অন্যান্য পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া দলভিত্তিক বা একক ট্যুর আয়োজন ও পরিচালনা বা ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন না।

(২) বিদেশি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ট্যুর অপারেটর ও ট্যুর গাইড এর কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে সরকারের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(৩) বিদ্যমান অনিবন্ধিত ট্যুর অপারেটরগণ ও ট্যুর গাইডগণকে এই আইন কার্যকর হইবার ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ধারা ৫ এর বিধান অনুযায়ী আবেদনপূর্বক ধারা ৭ এর বিধান অনুসারে নিবন্ধন সনদ

**নিবন্ধন  
সনদের জন্য  
আবেদন**

৫। (১) কোনো ট্যুর অপারেটর নিবন্ধন সনদ গ্রহণ করিতে চাহিলে তাহাকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে, যথা:-

(ক) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(গ) ব্যবসায়িক ঠিকানা;

(ঘ) কোম্পানির ক্ষেত্রে, সংঘবিধি (articles of association), সংঘ-স্মারক (memorandum of association) এবং নিগমিতকরণ প্রত্যয়নপত্র (certificate of incorporation) এর সত্যায়িত অনুলিপি; এবং

(ঙ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহণ, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা।

(২) কোনো ট্যুর গাইড নিবন্ধন সনদ গ্রহণ করিতে চাহিলে তাহাকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে, যথা:-

(ক) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(গ) ব্যবসায়িক ঠিকানা;

(ঘ) ভ্রমণ সেবা, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন বা পরিভ্রমণসহ অন্যান্য আনুষঙ্গিক পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া ট্যুর গাইড হিসাবে দায়িত্ব পালনকালে পর্যটকগণকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা।

**নিবন্ধন সনদ  
প্রাপ্তির**

৬। কোনো ট্যুর অপারেটর ও ট্যুর গাইড নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

- (খ) সরকারের পূর্বানুমোদন ব্যতীত কোনো বিদেশি নাগরিক বা প্রতিষ্ঠান হন;
- (গ) অপ্রাপ্ত বয়স্ক হন;
- (ঘ) সুস্থ মন্তিকের অধিকারী না হন;
- (ঙ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং উক্তরূপ দেউলিয়াত্ত্বের অবসান না হয়; অথবা
- (চ) কোনো ফৌজদারি অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া দণ্ডিত হইয়া থাকেন এবং দণ্ড ভোগের পর ২ (দুই) বৎসর সময় অতিবাহিত না হইয়া থাকে।

#### নিবন্ধন সনদ প্রদান

- ৭। (১) ধারা ৫ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে-
- (ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন সনদ প্রদান করিবে; অথবা
- (খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।
- (২) উপ-ধারা (১) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের বিষয়ে অবহিত হইবার পরবর্তী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে এবং নিবন্ধন কর্তৃপক্ষের উক্তরূপ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে, নির্ধারিত পদ্ধতিতে, উহা নিষ্পত্তি করিতে হইবে।

#### নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন

- ৮। (১) নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে ৩ (তিনি) বৎসর এবং উহা নবায়নযোগ্য হইবে।
- (২) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যন্ত ৩ (তিনি) মাস পূর্বে নির্ধারিত পদ্ধতি ও ফি প্রদান সাপেক্ষে, নিবন্ধন নবায়নের আবেদন করিতে হইবে।